**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# সড়কের নিরাপত্তা বৃদ্ধি, ট্রাফিক দুর্ঘটনায় মৃত্যু প্রতিরোধ, এবং হিট-এন্ড-রান দুর্ঘটনার বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করতে গভর্নর হোকলের নতুন আইন স্বাক্ষর

***আইনটি (A.1007-A/S.2021-A) মিউনিসিপ্যালিটিগুলোকে গতিসীমা প্রতি ঘণ্টায় 25 মাইলে কমিয়ে আনার অনুমোদন দিচ্ছে***

***আইনটি (A.3964/S.9163) কোনো গাড়ি দুর্ঘটনা সম্পর্কে রিপোর্ট না করেই দুর্ঘটনাস্থল ত্যাগ করার জন্য আরোপিত জরিমানা বৃদ্ধি করছে***

গভর্নর ক্যাথি হোকল আজ সড়কের নিরাপত্তা বৃদ্ধি করতে, ট্রাফিক দুর্ঘটনায় মৃত্যু প্রতিরোধ করতে, এবং হিট-এন্ড-রান ঘটনার বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করতে একটি আইনি প্যাকেজে স্বাক্ষর করেছেন। নতুন দুইটি আইন মিউনিসিপ্যালিটিগুলোকে গতিসীমা ঘণ্টায় 25 মাইলে কমিয়ে আনতে এবং গাড়ি দুর্ঘটনা সম্পর্কে রিপোর্ট না করে দুর্ঘটনাস্থল ত্যাগ করার উপর আরোপিত জরিমানা বৃদ্ধি করার অনুমোদন দেবে।

"আমাদের সড়কগুলোতে ভ্রমণ করার সময় প্রত্যেক নিউ ইয়র্কবাসীর নিরাপদ বোধ করার অধিকার রয়েছে, সেই ভ্রমণ গাড়ি চালিয়ে, সাইকেল চালিয়ে, বা হেঁটে যেভাবেই হোক না কেন," **বলেছেন গভর্নর হোকল।** "এই নতুন আইনগুলো ত্রুটিপূর্ণ ও দায়িত্বহীনভাবে গাড়ি চালানোর বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করার মাধ্যমে অপ্রয়োজনীয় ট্র্যাজেডি ও হতাহতের ঘটনা প্রতিরোধ করতে সাহায্য করবে। আজ আমরা নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার জন্য আমাদের অঙ্গীকার আরো একবার ব্যক্ত করছি এবং জীবন বাঁচাতে লভ্য সব সংস্থান কাজে লাগাচ্ছি।"

আইনটি (A.1007-A/S.2021-A) মিউনিসিপ্যালিটিগুলোকে গতিসীমা ঘণ্টায় 25 মাইলে কমিয়ে আনার অনুমতি দেওয়ার মাধ্যমে ট্রাফিক দুর্ঘটনা ও মৃত্যু প্রতিরোধ করতে সাহায্য করবে। গবেষণায় দেখা গেছে যে অপেক্ষাকৃত দ্রুত গতিতে গাড়ি চালানোর সঙ্গে দুর্ঘটনায় পথচারীদের অধিক গুরুতর আঘাত পাওয়া ও মৃত্যু ঘটার সমানুপাতিক সম্পর্ক রয়েছে। বর্তমান আইনের অধীনে কোনো সিটি, টাউন, বা ভিলেজের মধ্য দিয়ে অতিক্রমকারী যানবাহনের জন্য সর্বোচ্চ গতিসীমা ঘণ্টায় 30 মাইলের চেয়ে কম নির্ধারণ করা যাবে না। মিউনিসিপ্যালিটিগুলোকে গতিসীমা কমিয়ে আনার জন্য স্থানীয় নিয়ন্ত্রণ প্রদান করার মাধ্যমে এই আইন জন নিরাপত্তা উন্নত করবে এবং পথচারীদের মৃত্যুর ঘটনা প্রতিরোধ করবে।

**স্টেট সিনেটর র‍্যাচেল মে বলেন,** "একজন সাইকেল আরোহী হিসেবে, কখনো কখনো গতিসীমা অনেক বেশি রয়েছে এমন সড়কগুলো ব্যবহার করা কতটা উদ্বেগজনক তা আমার জানা আছে। আমি গর্বিত যে নিউ ইয়র্ক স্টেটে ট্রাফিক দুর্ঘটনায় মৃত্যু কমিয়ে আনতে সাহায্য করার জন্য স্থানীয় সরকারগুলোকে গতিসীমা কমানোর নমনীয়তা প্রদান করতে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি হাতিয়ার পাশ করতে পেরেছি। আরো বেশি সংখ্যক মানুষ যখন হেঁটে চলাচলের যোগ্য এবং বসবাস ও কাজ করার উপযোগী জায়গা খুঁজছেন এমন এক সময়ে পথচারী, সাইকেল আরোহী, ও অন্যদের জন্য সড়কগুলোকে নিরাপদ করে তোলা বিশেষভাবে গুরুত্বপূর্ণ।"

**অ্যাসেম্বলি সদস্য অ্যামি পওলিন বলেন,** "গতিসীমা কমানো হলে জন নিরাপত্তার উন্নতি ঘটে। স্টেটজুড়ে বেশ কিছু কমিউনিটি তাদের গতিসীমা কমানোর আকাঙ্ক্ষা প্রকাশ করেছে, যাদের মধ্যে আমার ডিস্ট্রিক্টের কয়েকটি কমিউনিটিও রয়েছে। মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানোর ফলে হওয়া দুর্ঘটনায় মৃত্যু ও গুরুতর আহত হওয়ার ঘটনা কমিয়ে আনার জন্য মিউনিসিপ্যালিটিগুলোকে অবশ্যই এই স্বতস্ফূর্ত, কার্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুমোদন দিতে হবে।"

আইনটি (A.3964/S.9163) কোনো দুর্ঘটনা সম্পর্কে রিপোর্ট না করে দুর্ঘটনাস্থল ত্যাগ করার কারণে আরোপিত জরিমানা বৃদ্ধি করার মাধ্যমে হিট এন্ড রান ঘটনার বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করবে এবং জন নিরাপত্তা উন্নত করবে। হিট এন্ড রানের ঘটনাগুলো বিশেষভাবে বিপজ্জনক হয়ে উঠে যখন কোনো ব্যক্তি আহত হন এবং দোষী গাড়ি চালক সেটি রিপোর্ট করতে ব্যর্থ হয়, ফলে আহত ব্যক্তি প্রয়োজনের সময়ে যথাযথ সেবা নাও পেতে পারেন। এই আইন দুর্ঘটনার ফলে কোনো ব্যক্তি আহত হওয়ার পর ঘটনাস্থল ত্যাগ করার জন্য আরোপিত জরিমানার মাত্রা বৃদ্ধি করে 750-1,000 ডলারে উন্নীত করবে এবং পুনরাবৃত্ত লঙঘনের ঘটনায় আরোপিত জরিমানার মাত্রা বৃদ্ধি করে 1,000-3,000 ডলারে উন্নীত করবে।

**স্টেট সিনেটর অ্যান্ড্রু গোউনারডেজ বলেন,** "নিজের গাড়ি দিয়ে অন্য কোনো ব্যক্তিকে আঘাত করে এরপর ঘটনাস্থল থেকে পালিয়ে যাওয়া একটি গর্হিত কাজ। আজ আমার বিল হিট-এন্ড-রান গাড়ি চালকদের জন্য জরিমানার পরিমাণ বৃদ্ধি করে সর্বোচ্চ 3,000 ডলারে নিয়ে যাওয়ার মাধ্যমে এটিকে অনেক বেশি ব্যয়বহুল করে তুলেছে। এই বিলের প্রতি সমর্থন প্রদানকারী অ্যাডভোকেট, আইন প্রণেতা, ও কমিউনিটি সদস্যদেরকে ধন্যবাদ, এবং এটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় এবং আমাদের সড়কগুলোতে নিউ ইয়র্কবাসীদের অধিকতর নিরাপদ রাখার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

এবছরের শুরুতে জাতীয় মহাসড়ক ট্রাফিক সুরক্ষা অ্যাডমিনিস্ট্রেশনের (National Highway Traffic Safety Administration) ইস্যু করা একটি রিপোর্ট থেকে জানা গেছে যে 2021 সালের প্রথম অর্ধেকে ট্রাফিক দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা 2020 সালের প্রথম অর্ধেকের তুলনায় 18.4 শতাংশ বেড়ে গেছে, এমনকি বহু নিউ ইয়র্কবাসী বাড়িতে থেকে কাজ করার পরেও। সেইসাথে, নিউ ইয়র্ক সিটির ডাটা থেকে দেখা যায় যে 2022 সালের প্রথম তিন মাসে ট্রাফিক দুর্ঘটনায় মৃত্যু 44 শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা 2014 সালে সিটির ভিশন জিরো (Vision Zero) কর্মসূচি শুরু হওয়ার পর থেকে যেকোনো বছরের সবচেয়ে প্রাণঘাতী সূচনা। হিট-এন্ড-রান ঘটনাগুলোর উপর আরো

বেশি দণ্ড আরোপ করার মাধ্যমে, এই নতুন আইন ট্রাফিক দুর্ঘটনায় মৃত্যু বৃদ্ধি পাওয়া মোকাবেলা করতে এবং স্টেটজুড়ে সড়কগুলোতে দুর্ঘটনা কমিয়ে আনতে সাহায্য করবে।

**নিউ ইয়র্কের স্টেটব্যাপী বাইসাইকেল অ্যাডভোকেসি সংস্থা, নিউ ইয়র্ক বাইসাইক্লিং কোয়ালিশন (New York Bicycling Coalition)-এর অ্যাডভোকেসি চেয়ার ফর নিউ ইয়র্ক, ড্যানিয়েল ফ্লানজিগ বলেন**, "মিউনিসিপ্যালিটিগুলোকে তাদের সড়কগুলোতে যানবাহনের গতিসীমা কমিয়ে আনার নমনীয়তা প্রদান করাটা ভিশন জিরো কৌশল এবং ট্রাফিক সহিংসতা কমিয়ে আনার জন্য একটি বৃহৎ মাইলফলক। আমরা রোমাঞ্চিত যে গভর্নর হোকল দীর্ঘ সময় ধরে প্রয়োজন থাকা এই পরিবর্তনের গুরুত্ব অনুধাবন করতে পেরেছেন। নিউ ইয়র্ক গত কয়েক বছরে আমাদের স্টেটে হিট-এন্ড-রান দুর্ঘটনা নজিরবিহীনভাবে বৃদ্ধি পেতে দেখেছে। দণ্ডের পরিমাণ বৃদ্ধি করার ফলে এটি অসদাচরণের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করবে এবং স্টেটের প্রতিটি কোণায় আমাদের সদস্যদের নিরাপত্তা বৃদ্ধি করবে।"

**2013 সালে মাত্রাতিরিক্ত গতিতে গাড়ি চালানো একজন চালকের দ্বারা খুন হওয়া 12-বছর বয়সী স্যামি কোহেন একস্টাইনের মা অ্যামি কোহেন বলেন**, "গতি কমানো জীবন বাঁচায়। আর একারণে NYS নিরাপদ সড়ক কোয়ালিশন (NYS Safe Streets Coalition) নিউ ইয়র্ক সিটিকে গতিসীমা কমানোর অনুমোদন দেওয়া স্যামি'স ল পাশ করার জন্য লড়াই করে আসছে। যদিও আমাদের এই লড়াই অব্যাহত থাকবে, আজ আমরা অত্যন্ত আনন্দিত যে গভর্নর হোকল এম্পায়ার স্টেটের অন্যান্য লোকালয়গুলোকে তাদের সড়কগুলোতে অধিকতর নিরাপদ গতিসীমা নির্ধারণ করার অনুমতি দিতে সংশ্লিষ্ট আইনে স্বাক্ষর করছেন। আমরা জানি যে এটি জীবন রক্ষা করবে এবং এই কাজ সম্পন্ন করতে আইনসভায় তাদের অংশীদারিত্বের জন্য আমরা অ্যাসেম্বলি সদস্য পওলিন ও সিনেটর মে-কে ধন্যবাদ জানাই। আগামী বছর আমরা স্যামি'স ল সহ দুর্ঘটনার ভুক্তভোগীদের পূর্ণাঙ্গ অধিকার ও নিরাপত্তা আইন (Crash Victim Rights and Safety Act) পাশ করার প্রত্যাশা রাখি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418